সংসদ ভবনে স্পিকারের সহধর্মিণী অধ্যাপক দিলারা হাফিজের জানাজা সম্পন্ন



স্পিকার সহধর্মিণী দিলারা হাফিজের জানাজা। ছবি: সংগৃহীত

স্পিকার হাফিজ উদ্দিন আহমদের সহধর্মিণী অধ্যাপক দিলারা হাফিজের জানাজা সম্পন্ন হয়েছে। সোমবার (৩০ মার্চ) দুপুর ১২টায় সংসদ ভবনের দক্ষিণ প্লাজায় তার প্রথম জানাজা অনুষ্ঠিত হয়। এতে বিভিন্ন রাজনৈতিক ও রাষ্ট্রীয় পর্যায়ের শীর্ষ ব্যক্তিরা অংশ নেন।

জানাজায় অংশ নেন প্রধানমন্ত্রী, স্পিকার, ডেপুটি স্পিকার, বিরোধী দলীয় নেতা, মন্ত্রিপরিষদের সদস্য, সংসদ সদস্যসহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ। এ সময় মরহুমার প্রতি শ্রদ্ধা জানিয়ে কফিনে রাষ্ট্রপতির পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ করা হয়। পাশাপাশি প্রধানমন্ত্রী, স্পিকার, হুইপ এবং বিরোধী দলীয় নেতারাও ফুল দেন।

জানাজা শেষে তার দীর্ঘ কর্মময় জীবনের স্মৃতিচারণ করেন বিরোধী দলীয় নেতা, বিএনপি মহাসচিব ও ডেপুটি স্পিকার। পরে বাদ জোহর সেনানিবাসের কেন্দ্রীয় জামে মসজিদে দ্বিতীয় জানাজা অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে। এরপর বনানীর সামরিক কবরস্থানে তাকে দাফন করা হবে।

অধ্যাপক দিলারা হাফিজের বয়স হয়েছিল ৭৮ বছর। তিনি দুই ছেলে, এক মেয়ে এবং স্বামীকে রেখে গেছেন। শনিবার সকাল ১১টা ২৯ মিনিটে সিঙ্গাপুর জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি মারা যান।

LENS ASIA